

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯৭

তারিখ: ৩ আশ্বিন ১৪২৮

১৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

#### ১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেতও দেখাতে হবে না।

#### ২। আজ ১৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি:মি: বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

#### ৩। ১৮সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাস:

**সিনপটিক অবস্থাঃ** মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপের সৃষ্টি হয়েছে। এটি ঘনীভূত হতে পারে।মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, মধ্য প্রদেশ, উত্তর প্রদেশ, বিহার, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, লঘুচাপের কেন্দ্রস্থল এবং বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে উত্তরপূর্ব দিকে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায়; ঢাকা ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

৪৮ ঘন্টার আবহাওয়ার অবস্থা (২ দিন): এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.৫	৩১.৫	৩৪.৫	৩৪.৫	৩৫.৩	৩৪.৫	৩৫.২	৩১.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.৮	২৫.৫	২৫.০	২৫.৫	২৫.৮	২৪.২	২৬.০	২৫.৬

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৫.৩° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সৈয়দপুর ২৪.২° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার কুশিয়ার ও মনু ব্যতীত সকল প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

৪ (ক)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	২৫	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৮৩	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০১	বিপদ সীমার উপরে	০১

৪ (খ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ০৩ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রং নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিপদ সীমা ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদ সীমা (মিটার)	বিপদ সীমার উপরে (সে.মি.)
১	গাজীপুর	কালিয়াকৈর	তুরাগ	৮.৪২	-০৩	৮.৪০	+০২

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
সুনামগঞ্জ	৫২.০	পটুয়াখালী	৪৩.০

৫ (ক)। গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
সিলচর	১০০.০	তেজপুর	৩০.০

৬। বন্যা পরিস্থিতিঃ

১) গাজীপুরঃ জেলার কালিয়াকৈর পয়েন্টে তুরাগ নদীর পানি দ্রুত হাস পাচ্ছে এবং বর্তমানে বিপদসীমার ০২ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে।

#### ৭। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	সিলেট	১	০	০
৩।	খুলনা	১	০	০
৪।	রংপুর	২	০	০
	মোট	০৭	০	০

#### ৮। পানিতে ডুবিঃ

বান্দরবানঃ জেলা প্রশাসক, বান্দরবান এর ১৬/০৯/২০২১খ্রিঃ তারিখের ৬২৬ নং পত্রের মাধ্যমে জানা যায় যে, ১৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখ রাত আনুমানিক ০৭.০০ ঘটিকায় জেলার বান্দরবান সদর উপজেলার সাংগ্রাই ত্রিপুরা পাড়া গ্রামে পানিতে ডুবে ০২ (দুই) জন নিহত, ০১ (এক) জন আহত ও ০১ (এক) জন নিখোঁজ হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তা হিসেবে নিহত ০২ জনের দাফন/সৎকার বাবদ ত্রাণ কার্য (নগদ) খাত হতে ২৫,০০০/- টাকা হারে মোট ৫০,০০০/- টাকা এবং আহত ০১ জনের চিকিৎসা বাবদ ১৫,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

#### ৯ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ৫ টি জেলায় গো-খাদ্য ক্রয়পূর্বক মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, রাজশাহী এর অনুকূলে ৩৮,৮৮,০০০/- (আটত্রিশ লক্ষ আটশি হাজার) টাকা, টাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট এর অনুকূলে ২৪,৩০,০০০/- (চব্বিশ লক্ষ ত্রিশ হাজার) টাকা করে, মুন্সিগঞ্জ এর অনুকূলে ৩৬,৭২,০০০/- (ছত্রিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা ও কুষ্টিয়া এর অনুকূলে ৩৫,১০,০০০ (পঁয়ত্রিশ লক্ষ দশ হাজার) টাকা করে মোট ১,৫৯,৩০,০০০/- (এক কোটি উনষাট লক্ষ ত্রিশ হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে।
- ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ২ টি জেলায় শিশু খাদ্য ক্রয়পূর্বক মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, লালমনিরহাট এর অনুকূলে ৮,১০,০০০/- (আট লক্ষ দশ হাজার) টাকা এবং মুন্সিগঞ্জ এর অনুকূলে ১২,২৪,০০০/- (বার লক্ষ চব্বিশ হাজার) টাকা করে মোট ২০,৩৪,০০০/- (বিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে।
- ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের বাড়ি-ঘর মেরামত/পুনঃনির্মাণের লক্ষ্যে জেলা প্রশাসক, সাতক্ষীরা এর অনুকূলে ২০০ (দুইশত) বাল্ডি টেউটিন এবং গৃহমঞ্জুরি বাবদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

#### ৯ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণঃ

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ

		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ১৭/০৯/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	দ্রাণ কার্য (নগদ অর্থ)	৩৯,৩৮,৮৯,০০০/- (উনচল্লিশ কোটি আটত্রিশ লক্ষ উননব্বই হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচাত্তর এগার) টাকা	১০৫০,৫২,২১,৫১১/- (এক হাজার পঁঞ্চাশ কোটি বায়ান্ন লক্ষ একুশ হাজার পঁচাত্তর এগারো) টাকা
৩	চাল	১,৬১,৮৭২.৫১ (এক লক্ষ একষট্টি হাজার আটশত বাহাত্তর দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৬,০৬,৪১৪.৫১ (ছয় লক্ষ ছয় হাজার চারশত চৌদ্দ দশমিক পাঁচ এক) মে: টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	৩২,৫০০ (বত্রিশ হাজার পঁচাত্তর) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশ হাজার সাত শত) প্যাকেট	৭,২০,২০০ (সাত লক্ষ বিশ হাজার দুইশত) প্যাকেট
৫	টেউটিন	১,৩০০ বাস্তিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বাস্তিল	৩৩,১০০ (তেত্রিশ হাজার একশত) বাস্তিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৩৯,০০,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৯৩,০০,০০০/- (নয় কোটি তিরানব্বই লক্ষ) টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টন	-	৭০০ কার্টন

৯ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (১৬/০৯/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	২,৮১,৮৭৪ টি	১১,৭১৮ টি	২,৯৩,৫৯২ টি
উপকারভোগী লোক সংখ্যা	১৪,৩২,৫৬৪ জন	৫৭,০৯৬ জন	১৪,৮৯,৬৬০ জন

১০। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



১৮-৯-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

[controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯৭/১(১৭১)

তারিখ: ৩ আশ্বিন ১৪২৮

১৮ সেপ্টেম্বর ২০২১

সদস্য অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১৮-৯-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা